

বিষয়ঃ লালমোহন উপজেলা পরিষদের নভেম্বর /২০১৯ মাসের কার্যবিবরণীঃ

সভাপতিঃ- অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহম্মদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমোহন, ভোলা।


তারিখঃ- ২৪/১১/২০১৯খ্রি. সময়ঃবেলা ১২.০০টা।

উপস্থিত সদস্যদের হাজিরা (সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এসময় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে সিদ্ধান্ত সমূহ নিম্নেবর্ণিত সংশোধনীক্রমে সর্বসম্মতিভাবে অনুমোদিত হয়।


এছাড়া নিম্নেবর্ণিত বিভাগ অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত অনুমোদন করা হয়।

বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশল সভাকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির এডিপি ১ম ও ২য় কিস্তি বরাদ্দ পাওয়া গিয়াছে। যাহা দ্বাপ্রকল্প গ্রহণ করা হয়েছে।	১। অতিদ্রুত এডিপি প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রকৌশলী, লালমোহন।
কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। প্রকৃত কৃষকদের কাজ থেকে ধান ক্রয় না করে বিভিন্ন ব্যবসায়ীদের নিকট থেকে ধান ক্রয় করা হয়। প্রকৃত কৃষকগণ ধান বিক্রি করতে পারেননা মর্মে তিনি সভাকে জানান। প্রকৃত কৃষক যাহা কৃষি অফিসার কর্তৃক অনুমোদিত সে সকল কৃষকদের কাজ থেকে ধান ক্রয় করার জন্য সভায় আলোচনা করা হয়।	১। কৃষকদের কাজ থেকে ধান ক্রয় করার জন্য এবং কৃষি কাড দেখে ধান ক্রয় করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা কৃষি অফিসার
ত্রান বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী ১ম পযায়ের বরাদ্দ সম্পন্ন গিয়াছে।	সভায় সভাপতি সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রমকে আর গতিশীল করার জন্য পরামর্শ প্রদান সহ কোন প্রকল্প যেন ওভার লভিন না হয়, সে বিষয়ে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।
উপজেলা শিক্ষা অফিস	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। পিএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। এ জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে ধন্যবাদ জানান।	শিক্ষার মান উন্নয়নের জন্য যথাযথ ব্যাখ্যা গ্রহণ করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়	১। উপজেলা শিক্ষা অফিসার
মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে	নির্ধারিত সময় সূচী মোতাবেক বিদ্যালয় পরিচালনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১ উপজেলা নির্বাহী অফিসার। ২ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।


সভাপতি

স্বাস্থ্য বিভাগ	উপজেলা প:প: কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকের সিএসপিদের মাসিক কাজের প্রতিবেদন ছবিসহ উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকের সিএসপিদের মাসিক কাজের প্রতিবেদন ছবিসহ দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা।
-----------------	--	---	--

সভায় অন্যকোন বিভাগের কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(অধ্যক্ষ শিরাস উদ্দিন আহমেদ)

চেয়ারম্যান

উপজেলাপরিষদ
লালমোহন, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯৫৪.০০৫.০০.০৩.১৯-৭১৮

২৪/১১/২০১৯খ্রি

সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১৭- ভোলা। -৩

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ভোলা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা।

৫। মেয়র, লালমোহন পৌরসভা, লালমোহন।

৬। ভাইস-চেয়ারম্যান/ (মহিলা) ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা।

৭। অফিসার (সকাল) লালমোহন, ভোলা।

৮। চেয়ারম্যান, ইউ, পি (সকল), লালমোহন, ভোলা।

৯। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।